



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ নভেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

## মাটিরঙ্গায় ইউপিডিএফ সদস্যকে অপহরণের পর হত্যা চেষ্টার নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ির মাটিরঙ্গায় রাষ্ট্রীয় মদদপুষ্টি সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ সদস্য অনুপম চাকমাকে (৪০) অপহরণের পর হত্যা চেষ্টার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং ঘটনায় জড়িতদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ ২৩ নভেম্বর ২০২২, বুধবার ইউপিডিএফের মুখপাত্র অংগ্য মারমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, গতকাল মঙ্গলবার সন্ধ্যা ৭টার সময় মাটিরঙ্গা উপজেলার বড়নাল ইউনয়নের তৈলাফাং বড়পাড়া নামক স্থানে রাষ্ট্রীয় মদদপুষ্টি নব্যমুখোশ বাহিনীর ৫/৬ জনের একটি সন্ত্রাসী দল অতর্কিতভাবে ইউপিডিএফ সদস্য অনুপম চাকমার ওপর হামলা চালায়। এ সময় তিনি সেখানে একটি দোকানে অবস্থান করছিলেন। সন্ত্রাসীরা দোকান থেকে অনুপম চাকমাকে ধরে প্রথমে লাঠিসোটা দিয়ে অমানুষিকভাবে মারধর করে। তারা তার মাথা ও শরীরের নানা জায়গায় প্রচণ্ড আঘাত করে, এতে তার মাথা ফেটে যায়।

পরে সন্ত্রাসীরা মোটর সাইকেলে করে অনুপম চাকমাকে তবলছড়ি বাজারের দিকে নিয়ে যাওয়ার সময় তঙবাই পাড়া নামক স্থানে (যামিনী পাড়া বিজিবি জোনের ১০০ গজের মধ্যে) তিনি অজ্ঞান হয়ে মোটর সাইকেল থেকে মাটিতে পড়ে যান। সেখানেও সন্ত্রাসীরা তার ওপর নির্যাতন চালায়। পরে তাকে মৃত ভেবে সন্ত্রাসীরা তাকে সেখানে ফেলে রেখে পালিয়ে যায়।

এরপর ঘটনা জানাজানি হলে রাতে স্থানীয় লোকজন ও বিজিবি সদস্যরা খোঁজাখুঁজি করে অনুপম চাকমাকে রক্তাক্ত ও মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে। পরে তাকে যামিনী পাড়া বিজিবি জোনে নিয়ে গিয়ে প্রাথমিক চিকিৎসার পর মাটিরঙ্গা থানা পুলিশের মাধ্যমে মাটিরঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়। তার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় গতকাল দিবাগত মধ্যরাতেই তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে সেখানে তিনি চিকিৎসাধীন রয়েছেন।


বিবৃতিতে অংগ্য মারমা ক্ষোভ প্রকাশ করে বলেন, ঘটনায় জড়িত সন্ত্রাসীরা তবলছড়ি বাজারে প্রকাশ্যে অবস্থান করলেও প্রশাসন এখনো তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ নেয়নি। উপরন্তু একটি বিশেষ মহল সন্ত্রাসীদের আশ্রয়-প্রশ্রয় দিয়ে ইউপিডিএফ ও স্থানীয় জনসাধারণের বিরুদ্ধে লেলিয়ে দিচ্ছে।

ইউপিডিএফ নেতা বলেন, পার্বত্য চট্টগ্রামে ইউপিডিএফের ন্যায়সঙ্গত আন্দোলন বাধাগ্রস্ত করতে সরকারের একটি বিশেষ মহল নব্যমুখোশ বাহিনীর মতো ঠ্যাঙারে গ্রুপ সৃষ্টি করে একের পর এক ইউপিডিএফ নেতা-

কর্মীদের ওপর হামলা, খুন, গুম ও অপহরণের মতো ঘটনা সংঘটিত করছে। তবে এসব করে ইউপিডিএফের গণআন্দোলন বন্ধ যাবে না বলে তিনি পরিষ্কার ভাষায় জানিয়ে দেন।

বিবৃতিতে তিনি অবিলম্বে অনুপম চাকমাকে অপহরণের পর হত্যা চেষ্টাকারী সন্ত্রাসীদের রাষ্ট্রীয় মদদদান বন্ধ করে তাদেরকে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।